আজকের কাগজ

তারিখ 29 DEC 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১...

# বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩-এর সংশোধনীর সরকারি উদ্যোগের নিন্দা

বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রিয় সংসদের সভাপতি রুহুল কুদ্দুস বাবু ও সাধারণ সম্পাদক আব্দুল্লাহিল কাইয়ূম এক বিবৃতিতে শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে সরকারি দল ও বিরোধী দলের কয়েকজন সাংসদের আপত্তি সত্ত্বেও শিক্ষামন্ত্রীর একক ইচ্ছায় বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩-এর যে প্রস্তাব গৃহীত হয়েছে তার তীব্র নিন্দা জানিয়েছে। বিবৃতিতে নেতারা বলেন, বিএনপি সরকার অতীতের সামরিক ও স্বৈরাচারী সরকারগুলোর মতই বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ সংশোধনের নামে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করার জন্যে মরিয়া হয়ে উঠেছে। বিএনপি সরকার বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ পরিবর্তন করে বিশ্ববিদ্যালয়সমূহ শাসক শ্রেণী ও শাসক দলের একচ্ছত্র আধিপত্য ও নিয়ন্ত্রণে আনতে চায়। নেতারা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ সংশোধনের যে কোন ষড়যন্ত্র অপচেষ্টা রুখে দাঁড়ানোর জন্যে ছাত্র-শিক্ষকসহ সর্বস্তরের গণতান্ত্রিক, বিবেকবান, শুভবুদ্ধি সম্পন্ন দল, গোষ্ঠি, মহল, ব্যক্তিকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানান। খবর বিজ্ঞপ্তি।